

“তথ্য নাগরিকের অধিকার জানা আছে কি সবার”

আপনার জানা আছে কি?

তথ্য অধিকার আইন অনুসারে খুব সহজে যে কোন সরকারি বা
বেসরকারি প্রতিষ্ঠানের তথ্য চেয়ে আবেদন করতে পারেন।

তথ্য প্রাপ্তির নিয়ম

- ▶ যে কোন নাগরিক তথ্য অধিকার আইনে বর্ণিত সুনির্দিষ্ট তথ্য প্রাপ্তির জন্য আবেদন করতে পারে। আবেদনকারীর নিকট ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে তথ্য প্রেরণ করতে হবে।
- ▶ আবেদনকারী যদি ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে তথ্য না পায় তাহলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উর্ধ্বতন কর্মকর্তা বরাবর আপীল আবেদন করতে পারে।
- ▶ আপীল দায়েরের ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনকারীর কাছে তথ্য প্রেরণ অথবা নিষ্পত্তি করতে হবে।
- ▶ আপীল করে তথ্য না পেলে অথবা আপীল আদেশে সংক্ষুদ্ধ হলে আবেদনকারী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারে।
- ▶ যদি কোন ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রাথমিক আবেদন গ্রহণ না করে, সেক্ষেত্রে আবেদনকারী সরাসরি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারে।

তথ্য অধিকার আইন ব্যবহার করে রাষ্ট্রের সকল স্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা
বৃদ্ধি এবং দুর্নীতি হ্রাসসহ সুশাসন প্রতিষ্ঠা করা প্রতিটি নাগরিকের দায়িত্ব।

প্রচারে: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মুদ্রণের তারিখ: ০৩ জানুয়ারি, ২০২২ খ্রি. (সংখ্যা: ৫০০ কপি)।

